

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮২৫

৯. কিতাবুস সালাত (کتاب الصلاة)

পরিচ্ছেদঃ আমরা যা বর্ণনা করলাম, তার অতিরিক্ত তিলাওয়াত করাও বৈধ- মর্মে বর্ণনা

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْمَرْءَ جَائِزٌ لَهُ أَنْ يَزِيدَ عَلَى مَا وَصَفْنَا مِنَ الْقِرَاءَةِ

## আরবী

1825 ـ أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا أَبُو خَيْثَمَةَ قَالَ: حَدَّثَنَا هُشَيْمٌ قَالَ: أَخْبَرَنَا مَنْصُورُ بِنُ وَاذَانَ عَنِ الْوَلِيدِ بْنِ مُسْلِمٍ عَنْ أَبِي الصِّدِيقِ عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ قَالَ: كُنَّا نَحْزِرُ بْنُ زَاذَانَ عَنِ الْوَلِيدِ بْنِ مُسْلِمٍ عَنْ أَبِي الصِّدِيقِ عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ قَالَ: كُنَّا نَحْزِرُ قِيامَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي الظَّهْرِ فِي الرَّكْعَتَيْنِ الْأُولَيَيْنِ قَدْرَ ثَلَاثِينَ آيَةً فِي كُلِّ رَكْعَةٍ قَدْرَ {الم \* تنزيل} [السجدة: 1 - 2] السَّجْدَةَ [وَفِي الرَّكْعَتَيْنِ الْأُخْرَيَيْنِ عِنَ الْأُخْرَيَيْنِ عِنَ الْعُصْرِ عَلَى قَدْرِ عَلَى اللَّهُ عَلَى قَدْرِ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ وَكَزَرْنَا قِرَاءَتَهُ فِي الرَّكْعَتَيْنِ الْأُولَيَيْنِ مِنَ الْعَصْرِ عَلَى قدر النصف الْأُخْرَيَيْنِ مِنَ الظُّهْرِ وَحَزَرْنَا قِيَامَهُ فِي الرَّكْعَتَيْنِ الْأُخْرَيَيْنِ مِنَ الْعُصْرِ عَلَى قدر النصف مَن ذلك.

الراوي: أَبُو سَعِيدٍ الْخُدْرِيِّ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1825 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (766)

## বাংলা

১৮২৫. আবৃ সা'ঈদ খুদরী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যোহরের সালাতের প্রথম দুই রাকা'আতের কিরা'আত অনুমান করতাম প্রত্যেক রাকা'আতে ৩০ আয়াত পরিমাণ; সূরা সাজদার সমান, আর শেষ দুই রাকা'আতে তার অর্ধেক। আসরের সালাতের প্রথম দুই রাকা'আতের কিরা'আত অনুমান করতাম, যোহরের শেষ দুই রাকা'আতের সমান। আর আসরের শেষ দুই রাকা'আত তার (প্রথম দুই রাকা'আতের) অর্ধেক।"[1]



## ফুটনোট

[1] মুসনাদ আবূ ইয়ালা: ১২৯২; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৩৫৫; মুসনাদ আহমাদ: ৩/২; সহীহ মুসলিম:৪৫২; বাগাবী: শারহুস সুন্নাহ: ৫৯৩; দারেমী: ১/৯৫; নাসাঈ: ১/২৩৭; আবূ আওয়ানা: ২/১৫২; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/২০৭; সহীহ ইবনু খুযাইমাহ: ৫০৯; দারাকুতনী: ১/৩৩৭।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ৭৬৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন